# যীশুর পুণরুত্থান

## পুণরুত্থিত খ্রীষ্টের দেহে আমাদের স্থান আমাদেরকে অনন্তজীবনের আশ্বাস দান করে।

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ণ E1b পাঠ করা উচিৎ

**প্রার্থনা ঃ** ''স্বর্গীয় পিতা, তুমি আমাদের জন্য মৃত্যুবরণ করতে তোমার পুত্র যীশুকে পাঠিয়েছিলে। আমাদেরকে তাঁর সঙ্গে উত্থিত করার দ্বারা তুমি আমাদের নূতন জীবন দান করেছ বলে তোমাকে ধন্যবাদ দিই। অনুগ্রহ করে তুমি তোমার পুত্র যীশুর শক্তি এবং কতৃত্ব প্রকাশ করার জন্য এই অধ্যয়ণটি ব্যবহার কর। তুমি তাঁকে মৃত্যু থেকে উত্থিত করার মাধ্যমে এই শক্তি এবং কতৃত্ব প্রদর্শন করেছিলে।''

যীশুর জীবন দানকারী পুনরুত্থান উদ্‌যাপন করার জন্য ইস্টারের কয়েক সপ্তাহ আগে থেকেপ্রস্তুতি শুরু করুন। যীশুর মৃত্যু এবং মৃত্যুর উপর বিজয়ের সঙ্গে সম্পর্কিত ঘটনাগুলো বিশ্বাসীদের শিক্ষাদানের জন্য আপনাকে বিশেষ অনুষ্ঠান কর্মসূচীর পরিকল্পনা করা উচিৎ।

১. **প্রার্থনা এবং ঈশ্বরের বাক্যের সাহায্যে আপনার হৃদয় এবং মনকে প্রস্তুত করুন।**

যীশুর পুনরুত্থানের পূর্বে যে ঘটনাগুলো ঘটেছিল সেই বিষয়গুলো সুসমাচার থেকে খুঁজে দেখুন।

যীশুর মৃত্যুর পূর্বের **শনিবার** - যোহন ১২ঃ১-১১ পদে খুঁজে দেখুন...

- যীশুকে মৃত্যুর জন্য প্রস্তুতি হিসাবে লাসারের বোন মরিয়ম কি করেছিলেন।

ঈস্টারের পূর্ববর্তী **রবিবার** - মথি ২১ঃ১-১৩ পদে খুঁজে দেখুন...

- সখরিয় ৯ অধ্যায়ে অনেক পূর্বে যে ভাববাণী করা হয়েছিল তা যীশু তাঁর বিজয়ী প্রবেশের মাধ্যমে পূর্ণ করেছিলেন।
- তিনি মন্দির থেকে কাদের বিতাড়িত করেছিলেন।

ঈস্টারের পূববর্তী **সোমবার** - মার্ক ১১ঃ১৫-১৮ পদ খুঁজে দেখুন...

- যীশু কি করেছিলেন যার ফলে ধর্মীয় নেতারা তাঁকে মৃত্যুর চেষ্টা করেছিলেন।

ঈস্টারের পূর্ববর্তী **মঙ্গলবার** - মার্ক ১১ঃ২৭-৩৩ পদে খুঁজে দেখুন...

- যে ধর্মীয় নেতাগণ যীশুর কর্তৃত্বকে চ্যালেঞ্জ জানিয়েছিলেন তারা বাপ্তিস্মদাতা যোহনের বিষয় যীশুর প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করেছিলেন কেন?

ঈস্টারের পূর্ববর্তী **বুধবার** - খুঁজে দেখুন...

- মার্ক ১৩ঃ১-১০ এবং ২১-২৭ পদ। যীশু তাঁর চূড়ান্ত আগমনের বিষয় কি ভাববাণী বলেছিলেন।
- মার্ক ১৩ঃ১০, যীশু তাঁর প্রতাপে প্রত্যাবর্তণ করার পূর্বে সমুদয় জাতির অবশ্যই কি শোনা উচিৎ।

ঈস্টারে পূর্ববর্তী **বৃহস্পতিবার** - মার্ক ১৪ঃ১২-৭২...

- নিস্তার পর্ব্বের সময় যীশু যে অনুষ্ঠানের অনুশাসন জারি করেছিলেন।
- বশীভূত হওয়ার তাঁর মহান প্রার্থনা।
- মহাযাজক কেন ক্রোধে তাঁর বস্ত্র ছিঁড়ে ছিলেন।
- কে যীশুকে অস্বীকার করেছিলেন এবং পরে ক্রন্দন করেছিলেন।


ঈস্টারের পূর্বে **শুক্রবার** - মার্চ ১৫ অধ্যায়ে খুঁজে দেখুন...

- ১-১১ পদ, যীশুর পরিবর্তে কাকে মুক্ত করা হয়েছিল ।
- ১২-২০ পদ , কি কি ভাবে সৈন্যগণ যীশুকে বিদ্রুপ করেছিল।
- ২১-৩৯ পদ, যীশুকে মৃত্যুদণ্ডের সেনাধ্যক্ষ শতপতি যীশুর সম্বন্ধে পরিশেষে কি বলেছিলেন।
- ৪০- ৪৭ পদ, তারা যীশুর দেহ নিয়ে কি করেছিলেন।

**যোহন ৫ঃ২৪-২৯ পদে খুঁজে দেখুন,** ধার্মিক এবং অধার্মিকদের মধ্যে কারা মৃত্যু থেকে উত্থিত হবেন।

**লূক ২৪ অধ্যায়ে খুঁজে দেখুনঃ**

- যীশু সপ্তাহের কোন্ দিন মৃত্যু থেকে উত্থিত হয়েছিলেন (পদ ১)।
- স্বর্গদূত শিষ্যদের কোন বিষয় মনে করে দিয়েছিলেন যা যীশু বলেছিলেন (২-৯)।
- পুনরুত্থিত খ্রীষ্ট দুজন পর্যটকের কাছে কি ব্যাখ্যা করেছিলেন যা তাদের হৃদয়কে দগ্ধ করছিল (১০-৩৫ পদ)।
- যীশু কিভাবে প্রমাণ করেছিলেন যে তিনি প্রেতাত্মা নন (৩৬-৪৫)।
- যীশু তাঁর শিষ্যদের কি বিষয়ে সাক্ষী হতে বলেছিলেন (৪৬-৪৮)।



প্রেরিত ১ঃ৩ পদে খুঁজে দেখুন, যীশু তাঁর শিষ্যদের কাছে কত দিনের জন্য আবির্ভূত হয়েছিলেন।

প্রেরিত ১ঃ১-৯ পদে খুঁজে দেখুন, শিষ্যদের প্রতি যীশুর শেষ প্রতিজ্ঞা।

১ করিন্থীয় ১৫ অধ্যায়ে খুঁজে দেখুন...

- যীশু যদি মৃত্যু থেকে পুনরুত্থিত না হতেন, তবে বিশ্বাসীদের কি প্রত্যাশা থাকতো (১২-২০)।
- যীশুকে কেন 'শেষ আদম' বলে অভিহিত করা হয়েছিল (২১-২৬ পদ এবং ৪৫-৫০ পদ)।
- কিভাবে আমাদের নূতন দেহ সম্পূর্ণরূপে ভিন্ন হবে (২৭-৪৪)।

প্রেরিত ২ঃ২২-৩৬ পদে খুঁজে দেখুন, পঞ্চাশত্তমীর দিন পিতর যখন সুসমাচার ঘোষণা করেছিলেন, তখন তিনি যীশুর পুণরুত্থানকে কি গুরুত্ব দিয়েছিলেন।

- যীশুর পুনরুত্থান ছিল সেই সত্য যা খ্রীষ্টের বিষয়ে সাক্ষ্য দেবার সময় প্রেরিতগণ সর্ব্বাধিক ব্যাখ্যা করতেন। উদাহরণ, প্রেরিত ৩ঃ১২-২১, ৪ঃ১-৩ পদ, ১৩ঃ১৫-৪১, ১৭ঃ২-৩ পদ, ২৬ঃ১-২৩ পদ।

২. **ঈস্টারের পূর্ব এবং পরবর্তী কার্যকলাপের বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

- যীশুর পুণরুত্থান এবং এর মধ্যে আমাদের অংশগ্রহণের আনন্দপূর্ণ সংবাদ ব্যাখ্যা করার জন্য বন্ধুদের কাছে এবং আত্মীয়দের পরিদর্শন করুন।
- পৌল যেমন প্রেরিত ২২ঃ১-২২ পদে করেছিলেন, সেইভাবে প্রত্যেকটি বিশ্বাসীকে সাক্ষ্য দানে সাহায্য করুন, পুণরুত্থিত যীশু খ্রীষ্টের সঙ্গে সাক্ষাৎ কিভাবে পৌলের জীবনকে সম্পূর্ণরূপে পরিবর্তিত করেছিল।

বিশেষ ঈস্টার রবিবারের আরাধনার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

৩. **বর্তমান প্রয়োজন এবং স্থানীয় রীতির সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করুন, যে কোন ক্রমপর্যায়ে সেগুলো করতে পারেন।**

শিশুদের নাটক, কবিতা অথবা প্রশ্ন উপস্থাপন করতে দিন যা তারা প্রস্তুত করেছে।

যীশুর পুণরুত্থানের পূর্ববর্তী ঘটনাগুলো পর্যালোচনা করুন (ভাগ ১)। লূক ২৪ অধ্যায় (ভাগ ১) থেকে যীশুর পুণরুত্থানের বিষয়টি সুবিস্তারে বর্ণনা করুন অথবা অভিনয় করে শেখান। যীশুর পুণরুত্থানের বিষয়টি কেন এত গুরুত্বপূর্ণ ব্যাখ্যা করুন।

- একটি ঐতিহাসিক সত্য ঘটনার উপর ঈশ্বর আমাদের অনন্তজীবনের ভিত্তি তৈরী করেছেন। যীশু মৃত্যু থেকে উত্থিত হয়েছিলেন এবং তিনি তাঁর শরীরে অংশ হিসাবে অনুতপ্ত বিশ্বাসীদের তুলবেন, ইফি ২ঃ৪-৬; ১ করি ১২ঃ২৭; এবং রোমীয় ৬ঃ৫-১১পদ।

- যীশুর পুণরুত্থান তাঁর মৃত্যুর ন্যায় ত্রাণকারী কাজেরই একটি অংশ ছিল। তাঁর রক্ত ক্ষমা ক্রয় করেছিল। তাঁর পুণরুত্থান এবং আমাদের সেই পুণরুত্থানে অংশ গ্রহণ, আমাদের অনন্ত জীবনের আশ্বাস দান করে; ১ করি ১৫ঃ১৭-২৬ পদ।
- মৃত্যুর পর আমরা ভূত হব না, বা পুনরায় মাংসে মূর্ত্তিমান হব না। আমরা খ্রীষ্টের গৌরবময় উপস্থিতিতে অনন্তজীবনে উত্থিত হব এবং সামনাসামনি তাঁকে দেখতে পাব। প্রকাশিত বাক্য ২২ঃ৩-৫ এবং ১ যোহন ৩ঃ২ পদ।

**১ করিন্থীয় ১৫ অধ্যায় (ভাগ ১) মহান যে সত্যগুলো পাওয়া যায় তা ব্যাখ্যা করুন।**

**যোহন ১১ঃ২৫ পদ মুখস্থ করুন।**

প্রভুর ভোজের বিষয়টি প্রবর্তণের জন্য ব্যাখ্যা করুন যে আমরা যখন রুটী আহার করি তখন পুণরুত্থিত খ্রীষ্ট উপস্থিত থাকেন।

পরস্পরকে উৎসাহিত করতে, পরিকল্পনা করতে এবং পরস্পরের নিমিত্ত প্রার্থনা করার জন্য দু - তিন জনের কয়েকটি ছোট ছোট দল তৈরী করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net